

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩১২

১/ বিবিধ

আরবী

من لا يهتم بأمر المسلمين فليس منهم، ومن لا يصبح ويمسي ناصحا لله ورسوله ولكتابه ولإمامه ولعامة المسلمين فليس منهم ضعيف

أخرجه الطبراني في " الصغير " (ص 188) و" الأوسط " (2 / 171 / 1 / 7626) وعنه أبو نعيم في " أخبار أصبهان " (2 / 252) من طريق عبد الله بن أبي جعفر الرازي عن أبيه عن أبي العالية عن حذيفة بن اليمان مرفوعا، وقال: لا يروى عن حذيفة إلا بهذا الإسناد

قلت: وهو ضعيف من أجل عبد الله بن أبي جعفر وأبيه فإنهما ضعيفان، واقتصر الهيثمي في " المجمع " (1 / 87) في إعلال الحديث على تضعيف الابن فقط وهو قصور، فإن الأب أشد ضعفا من الابن

বাংলা

৩১২। যে মুসলিমদের বিষয়ে গুরুত্ব দিবে না, সে তাঁদের অন্তর্ভুক্ত নয়। আর যে ব্যাক্তি আল্লাহর, তার রাসুল, তার কিতাব, তার ইমাম ও সাধারণ মুসলিমদের নসিহত করা অবস্থায় সকাল এবং সন্ধ্যা করবে না, সে তাঁদের অন্তর্ভুক্ত নয়।

शिषीपि पूर्वन।

এটি তাবারানী "মুজামুস সাগীর" গ্রন্থে (পৃঃ ১৮৮) ও "মুজামুল আওসাত" গ্রন্থে (২/১৭১/১/৭৬২৬) এবং তার থেকে আবু নু'য়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/২৫২) আব্দুল্লাহ ইবনু আবী জাফার আর-রাযী সূত্রে তার



পিতা হতে ... বর্ণনা করেছেন।

এ সনদ ছাড়া অন্য কোন সনদে এ হাদীসটি হ্যাইফা (রাঃ) হতে বর্ণিত হয়নি।

আমি (আলবানী) বলছিঃ আব্দুল্লাহ ইবনু আবী জাফার এবং তার পিতার কারণে হাদীসটি দুর্বল। তারা উভয়েই দুর্বল।

হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১/৮৭) হাদীসটির সমস্যা বর্ণনা করেছেন শুধুমাত্র ছেলে আব্দুল্লাহকে দুর্বল হিসাবে উল্লেখ করে। কিন্তু এটি তার ত্রুটি, কারণ তার পিতা পুত্র হতেও বেশী দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন